

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

BANGLADESH WATER DEVELOPMENT BOARD

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চান
আপনার হাতে

বোর্ড সচিবালয়

পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫

ফোন: +৮৮ ০২ ২২২২৩০০৫৩

ই-মেইল: bwdbsecretary@gmail.com

ওয়েব সাইট: www.bwdb.gov.bd



Board Secretariat

Pani Bhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205

Phone: +88 02 222230053

E-mail: bwdbsecretary@gmail.com

Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৫-১২

তারিখ ৩০ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ জানুয়ারি ২০২৬ খ্রিঃ

সার্কুলার

“কক্সবাজার জেলার বাংলাদেশ-মায়ানমার সীমান্ত নিরাপত্তা উন্নত করার জন্য উখিয়া-টেকনাফ উপজেলার নাফ নদী বরাবর পোল্ডারসমূহের (৬৭/এ, ৬৭/বি এবং ৬৮) পুনর্বাসন প্রকল্প (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় COX-MP-20 প্যাকেজভুক্ত লট নং- COX-MP-W-20/L-1 (ইজিপি আইডি-৮৪৫০৯২) এবং লট নং-COX-MP-W-20/L-3 (ইজিপি আইডি-৮৪৫০৯৬) কাজ দুইটি বাস্তবায়নের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান SSECL-GC(JV) [S. S. Engineering & Construction Ltd. এবং M/s Gias construction.] কে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশ প্রদানের পর দীর্ঘ সময় অতিবাহিত হলেও কাজটির অগ্রগতি হতাশাজনক এবং কাজটি নকশা ও ডিজাইন স্পেসিফিকেশন অনুযায়ী বাস্তবায়নের ক্ষেত্রে ঠিকাদারের তরফ হতে কোন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়নি। কাজসমূহ বাস্তবায়নের বিষয়ে ঠিকাদারকে কাজের অগ্রগতি বৃদ্ধির বিষয়ে একাধিকবার দপ্তরের পক্ষ হতে মৌখিক ও লিখিতভাবে তাগাদা প্রদান করা হয়।

২। প্যাকেজভুক্ত লট নং-COX-MP-W-20/L-1 এবং লট নং-COX-MP-W-20/L-3 কাজ দুইটি বাস্তবায়নকারী সংশ্লিষ্ট ঠিকাদারকে লিখিত ও মৌখিকভাবে তাগাদা প্রদান করা সত্ত্বেও উল্লেখযোগ্য কোন কার্যকরী পদক্ষেপ না নেওয়ায় দরপত্রের GCC Clause No: 89:1 (b) (i) অনুযায়ী এতদ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত জানানোর জন্য ২৮ দিনের নোটিশ প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে কাজ বাস্তবায়নকারী সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান SSECL-GC(JV) ভুক্ত M/s Gias Construction-এর স্বত্বাধিকারী জনাব মোঃ গিয়াস উদ্দীন গত ১২/০৬/২০২৫খ্রিঃ তারিখে মারা যান মর্মে উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের উত্তরাধিকারী মুক্তা চৌধুরী অত্র দপ্তরকে অবহিত করেন এবং আর্থিক অসচ্ছলত ও উপযুক্ত কোন প্রতিনিধি না থাকায় তাঁর পক্ষে কাজসমূহ বাস্তবায়ন করা সম্ভব নয় মর্মে জানান।

৩। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক উল্লেখিত কাজসমূহ বাস্তবায়নে অপারগতা প্রকাশ করায় এবং কাজসমূহের অনুকূলে প্রদত্ত Performance Security এর মেয়াদ উত্তীর্ণ হওয়ায় দরপত্র দলিলের GCC Clause 89.1 এবং 89.3 ধারা অনুযায়ী কাজ দুটি বাতিল করা হয়।

৪। ক্রয়চুক্তি অনুযায়ী বর্ণিত প্যাকেজভুক্ত কাজ দুটির চুক্তিমূল্য যথাক্রমে ৬,৬৪,৯০,৯৮৫.১২৯ টাকা এবং ৬,০৭,০৬,০১১.৩৫৯ টাকা। প্যাকেজভুক্ত কাজ দুটির অনুকূলে চুক্তিমূল্যের ৫% অনুযায়ী পারফরমেন্স সিকিউরিটি পরিমাণ যথাক্রমে ৩৩,২৪,৫৪৯.২৫৬ এবং ৩০,৩৫,৩০০.৫৬৮ টাকা। উক্ত টাকা আদায়ের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানের বরাবর পত্র প্রেরণ করা হলে উক্ত প্রতিষ্ঠান হতে কোনো সাড়া পাওয়া যায় নি। বর্ণিত ঠিকাদারের কক্সবাজার পানি উন্নয়ন বিভাগে কোনো কাজ চলমান না থাকায় কক্সবাজার পানি উন্নয়ন বিভাগ কর্তৃক পাওনা টাকা আদায়ের সুযোগ নাই। বিধায় বাপাউবোর অন্য কোন দপ্তরে চলমান কাজ হতে আদায়পূর্বক সমন্বয় করা একান্ত প্রয়োজন।

৫। বর্ণিত প্রেক্ষাপটে S.S Engineering & Construction Ltd. Address: Rupayan Trade Center (6th Floor), 114, Kazi Nazrul Islam Avenue, Banglamotor, Dhaka-1000 এর বাপাউবোর অন্য কোন ক্রয়কারী দপ্তরে কাজ চলমান থাকলে আগামী ২ (দুই) কর্মদিবসের মধ্যে ই-মেইলে (bwdbsecretary@gmail.com) বিস্তারিতভাবে বোর্ড সচিবালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

৬। মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।


(ওবায়দুল ইসলাম)
পরিচালক (বোর্ড)

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৫-১২

তারিখ ৩০ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ জানুয়ারি ২০২৬ খ্রিঃ

অনুলিপি (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল)..... বাপাউবো,
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক (সকল)..... বাপাউবো,
- ০৩। চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আই.সি.টি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (দপ্তরদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ০৫। নির্বাহী প্রকৌশলী (সকল)..... বাপাউবো,
- ০৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/নকশা ও গবেষণা) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ০৭। অফিস কপি/মাষ্টার কপি।


(মুঃ নূরুল আমিন)
উপপরিচালক (বোর্ড)